সংবাদ

তারিখ ১৭/৯/৮০
পৃষ্ঠা ... কলাম ...

৩৬৪

# আজ মহান শিক্ষা দিবস

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ ১৭ই সেপ্টেম্বর। মহান শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে কুখ্যাত হামদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গিয়ে পুলিশের গুলীবর্ষণে মোস্তফা, বাবুল, ওয়াজিউল্লাহসহ অনেক ছাত্র শহীদ হয়েছিলেন। এই দিনটিকে উপলক্ষ করে বিভিন্ন রাজনৈতিক ও ছাত্র সংগঠনের পক্ষ থেকে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি মেজর (অব:) এম, এ জলিল ও সাধারণ সম্পাদক জনাব

(শেষ পৃ ১-এর কঃ দ্রঃ)

আ, স, ম, আবদুর রব এক বিবৃতিতে গণতান্ত্রিক অধিকার আদায় এবং কর্মমুখী গণশিক্ষা প্রচলনের দাবীতে ১৭ই সেপ্টেম্বরের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বলিষ্ঠ ভূমিকা গ্রহণের জন্য ছাত্রসমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

ছাত্রলীগের (মুনির-হাসিব) সভাপতি মুনির উদ্দিন আহমদ ও সাধারণ সম্পাদক আবুল হাসিব খান ১৭ দফা দাবীর ভিত্তিতে দুর্বার ছাত্র গণ-আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়েছেন।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সহ-সভাপতি খন্দকার মোহাম্মদ ফারুক এবং সাধারণ সম্পাদক [illegible] আহমদ মাহতাব শিক্ষার সর্বগ্রাসী সংকট মোচনের সংগ্রামে এবং স্বাধীন দেশের শিক্ষানীতির জন্য ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে ছাত্রসমাজের প্রতি আহবান জানান। এছাড়া এই দিনটিকে উপলক্ষ করে ছাত্রলীগের (আখতার-মিয়া) সভাপতি আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক জিয়াউদ্দিন আহমেদ বাবলু, ডাকসুর সহ-সভাপতি মাহমুদুর রহমান মান্না এবং জাতীয় ছাত্র ফ্রন্টের আহ্বায়ক হারুন-অর-রশিদ আলাদা আলাদা বিবৃতি প্রদান করেছেন।

ছাত্র ইউনিয়নের উদ্যোগে আজ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় সাধারণ ছাত্র সভা এবং সভাশেষে বিক্ষোভ মিছিল ও শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করা হবে। বাসদ সমর্থিত ছাত্রলীগের পক্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আজ বিকেল ৪টায় এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

028